## 'পন্ডিত' বাংলা ভাষার ক্ষেত্রে একটি মাইল ফলক

পন্ডিত সেরা সফটওয়্যার নির্বাচিত হওয়ায় প্রতিক্রিয়া জানতে চাইলে এর চারজন তরুণ নির্মাতা - শহীদুল ইসলাম সোহেল, আর. এ. এ. আবদুল্লাহ অংক, মাহবুবুল আলম এবং শাহীন আক্তার শিল্পী লিখিতভাবে তাদের মতামত ব্যক্ত করেন। তাঁরা জানান - পন্ডিত কমপিউটার জগৎ-এর নির্বাচনে ১৯৯৩ সালের সেরা সফটওয়্যার নির্বাচিত হওয়ায় আমরা অত্যন্ত আনন্দিত। আমাদের পরিশ্রমের মূল্যায়ন করার জন্য মাসিক কমপিউটার জগৎ-কে ধন্যবাদ। প্রথম যখন আমাদের বাংলা ওয়ার্ড প্রসেসর 'বর্ণ'র বিপনন শুরু হয় আমরা তখনও মাসিক কমপিউটার জগৎ-এর কাছ থেকে



*পন্ডিতের উদ্ভাবক বা দিক থেকে মাহবুব, শিল্পী, সোহেল এবং অংক*

অনুকূল সাড়া পেয়েছিলাম। আমাদের দেশে সফটওয়্যারের কাজ হয় অত্যন্ত কম। আরও কম হয় লো লেভেল প্রোগ্রামিং এবং মৌলিক কাজ। 'বর্ণ' হচ্ছে বাংলা ভাষায় প্রথম মৌলিক ওয়ার্ড প্রসেসর। আমাদের ক্ষমতা অত্যন্ত সীমিত। অনেক সীমাবদ্ধতার মধ্যেও আমাদের কাজ করে যেতে হচ্ছে। তবুও আমরা গতানুগতিক প্রবাহে গা ভাসাতে রাজী নই। পন্ডিত প্রসঙ্গে একথা বললে আশা করি অত্যুক্তি হবে না– এটি আমাদের কাজের ক্ষেত্রে এবং বাংলা ভাষার ক্ষেত্রেও একটি মাইল ফলক।

আমাদের এই সাফল্য আমরা মনে করি আমাদের দেশের সাফল্য। আমাদের এই বানান পরীক্ষক তৈরীর জন্য বিদেশী কোন সফট্ওয়্যারের উপর নির্ভর করতে হয়নি। কমপিউটার জগৎ সেরা সমগ্রীর নির্বাচনে ভবিষ্যতে দেশজ সামগ্রীর ওপর আরও জোর দেবে বলে আমরা আশা করি যদিও অতীতে একবারই এই মূল্যায়ন করা হয়েছিল, সেখানে সেরা ব্যক্তিত্বই শুধু বাংলাদেশী ছিলো। আগেই বলেছি আমাদের এখানে মৌলিক সফট্ওয়্যারের অপ্রতুলতা রয়েছে। তবুও ছোটখাটো অনেক কাজকেই উপযুক্ত স্বীকৃতি দিলে আমাদের সার্বিক কাজের মানোন্নয়ন হতে পারে। কারণ মেধা-মননে আমরা পশ্চাৎপদ নই অনেকভাবেই এটা আজ প্রমাণিত সত্য।

## ইউএস ট্রেড শো

(৩০ নং পৃষ্ঠার পর)

ট্রেডার্সদের নিয়ে আসার জন্য কার্ড পাঠানো এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ করে আনা। শো সম্পর্কে যথাযথ প্রচার প্রচারণাও কম হয়েছে। এজন্য একদিন 'ট্রেডার্স ডে' রাখা অত্যন্ত দরকার। অবশ্য আমার ধারণা ছিল ১ দিন ট্রেডার্স ডে থাকবে। পরে শো'র সময়ে জানলাম যে এটি নেই।

পরবর্তীতে ট্রেড শো করার ব্যাপারে আয়োজকদের উদ্দেশ্যে কিছু প্রস্তাব আমি তুলে ধরতে চাই। সেগুলো হল –

এবিইএফ এর 'অন্তর্ভুক্তি' সদস্যদের ভোটাধিকার থাকলে আরো ব্যাপকভাবে সব আলোচনা করা যেতে পারে – যাতে শো সর্বাঙ্গ সুন্দর হয়।

একদিন শুধুমাত্র ব্যবসায়ীদের দিন হিসাবে রাখার ব্যবস্থা করা হোক।

সরকারী, বেসরকারী এবং এনজিওগুলোতে কার্ড পাঠিয়ে এবং ব্যক্তিগতভাবে আমন্ত্রণ জানালে শোর উদ্দেশ্য কিছুটা সফল হবে।

শোতে সরাসরি কেনাবেচা বন্ধ করে দিতে হবে। শুধুমাত্র বুকিং করার ব্যবস্থা রাখা উচিত।

শো'র পাশাপাশি অংশগ্রহণকারীদের উপস্থাপিত বিভিন্ন পণ্যের উপর ওয়ার্কশপ / সেমিনার করার ব্যবস্থা করা যেতে পারে। এই সেমিনার / ওয়ার্কশপ শো'র পাশাপাশি সবসময় সবার জন্য উন্মুক্ত থাকবে। কোম্পানীগুলো নিজেদের সেমিনার / ওয়ার্কশপের ব্যাপারে সংশ্লিষ্ট উৎসাহীদের আগেই অবহিত করবেন এবং শো কর্তৃপক্ষ একটি পূর্ণাঙ্গ সময়সূচী ঘোষণা করবেন, যাতে ব্যাপকভাবে উৎসাহীরা এতে অংশ নিতে পারেন।

## ক্রিকেট পণ্ডিত কমপিউটার

(৫৩ পৃষ্ঠার পর)

হচ্ছে- কত রান সংগ্রহ করলেন, কি ধরনের বল বা বোলারের মোকাবেলা করেছেন, পিচের অবস্থা কেমন ছিল, সে কি দলের বিপর্যয়ের মুখে খেলতে নেমেছিলেন কিনা, তিনি কয়টি ভাল শট্স নিয়েছেন বা বাউন্ডারী মেরেছেন ইত্যাদি আরও অনেক কিছু।

যাহোক, এসবগুলো কারণকে রেংকিং এর ক্ষেত্রে বিবেচনায় আনা যায় না। কারণ এদের বেশীরভাগই বর্ণনামূলক কিন্তু রেটিং-এর ভিত্তিই হচ্ছে পরিসংখ্যান, আর এই সকল বর্ণনামূলক প্রশ্নের জবাবকে নম্বরে রূপান্তর করার জন্য জটিল এবং উন্নততর সফটওয়্যারের প্রয়োজন। এধরণের জটিলতা পরিহারের জন্য রেটিং-এর ক্ষেত্রে কেবল খেলা শেষে স্কোর বোর্ড থেকে প্রাপ্ত মৌলিক তথ্যাবলী এবং কয়েকটি বর্ণনামূলক ঘটনা যেগুলোকে সহজেই নম্বরে রূপান্তর করা যায় কেবলমাত্র সেগুলোকেই বিবেচনা করা হয়। এভাবেই টেস্ট ক্রিকেটারদের রেংকিং তৈরি করা হয়েছে।

বর্তমানে ক্রিকেট সম্পর্কিত বিভিন্ন প্রকাশনায় নিয়মিতভাবে এই রেটিং এর ওপর ভিত্তি করেই লেখা বেরুচ্ছে। ইংল্যান্ডের ক্রিকেট সংগঠকরা স্কুল বা কলেজ পর্যায়ের লীগে এধরনের রেটিং ব্যবস্থা প্রচলন করা যায় কিনা তার সম্ভাব্যতা পরীক্ষা করছেন। এব্যাপারে অবশ্য C & L তেমন আশাবাদী নয়।

C & L খেলোয়াড়দের এই রেটিং-এর কাজে ২০ মেগাবাইট বুল ডেস্কটপ কমপিউটার ব্যবহার করেছে। রেটিংটি ঠিক করা হয়েছে টেস্ট ক্রিকেটারদের অতীত নৈপুণ্যের ভিত্তিতে। তাই প্রায় ১১৫০টি টেস্ট ক্রিকেটের বিভিন্ন তথ্য এই ডাটাবেসে অন্তর্ভুক্ত করা হয়েছে। যে প্রোগ্রামটি রেটিং গণনা করে এর রয়েছে মাত্র ৫০০ লাইনের কোড আর ডাটাবেসকে নিয়ন্ত্রণকারী প্রোগ্রামটির কোড লাইন সংখ্যা হচ্ছে ১২০০০। এই সবকিছুই মাত্র ৯টি টেস্ট টিমের জন্য। দেশীয় পর্যায়ে লীগগুলোতে টিমের সংখ্যা হয় প্রচুর সেক্ষেত্রে এ ধরনের র‍্যাংকিং করা খুবই কঠিন কাজ।

একথা নিঃসন্দেহে বলা যায় যে C & L বিশ্বব্যাপী ক্রিকেটমোদীদের জন্য একটি মহৎ কাজ করেছে। কিন্তু ক্রীড়া উৎসাহীদের চাহিদা আরও অনেক। অবশ্য এর কারণও রয়েছে। একদিনের ক্রিকেটের ক্রমবর্ধমান জনপ্রিয়তার দরুন ক্রিকেটমোদীরা একদিনের ক্রিকেট ম্যাচ খেলোয়াড়দের জন্য টেস্টের অনুরূপ রেটিং ব্যবস্থা দেখতে আগ্রহী। তবে দূর্ভাগ্য যে উ ী একদিনের ম্যাচের ব্যাপারে এধরনের কোন রেটিং-এর কথা ভাবছে না অর্থাৎ এর জন্য ক্রিকেটমোদীদের আরও কয়েক বছর অপেক্ষা করতে হবে।

ANANTA JOTI

COMPOSE

LASER PRINTING

RIBBON RE-INKING

ALSO

For Sales , Rent , Services & Data Entry

TOP OF THE TIME

Please Call 815445 814253

ANANTA JOTI GROUP :
- M/S ANANTA JOTI ( COMPUTER & TELEFAX )
- M/S ANANTA JOTI MULTIMETALS ( DISH ANTENNA )
- M/S ANANTA JOTI SECURITY ( SECURITY GUARD )

HEAD OFFICE : Baitush Sharaf Mosque
149/A, Airport Road,Dhaka - 1215

BRANCH : Lion Shopping Centre
73, Airport Road (2nd Floor), Dhaka.